আগুনে হল আগুনময় ।
জয় আগুনের জয় ।
মিথ্যা যত হৃদয় জুড়ে এইবেলা সব যাক না পুড়ে,
মরণ-মাঝে তো জীবনের হ'ক রে পরিচয় ॥
আগুন এবার চলল রে সন্ধানে
কলঙ্ক তোর লুকিয়ে কোথায় প্রাণে ।
আড়াল তোমার যাক রে ঘুচে, লজ্জা তোমার যাক রে মুছে,
চিরদিনের মতো তোমার ছাই হয়ে যাক ভয় ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail